

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
বন্দর, নারায়ণগঞ্জ।  
useo.bondor@gmail.com

স্মারক নং- উমাশিঅ/বন্দর/না'গঞ্জ/ম্যা. কমিটি-২৯/২০২৪/৬২৯

তারিখঃ ১২/০৮/২০২৪ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বন্দর উপজেলার অন্তর্গত বন্দর গার্লস স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি নির্বাচন-২০২৪ অনুষ্ঠানের জন্য নিম্ন বর্ণিত তফসিল ঘোষণা করা হলোঃ

- |    |                                      |   |
|----|--------------------------------------|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ ও জমা দানের তারিখঃ | ১৮/০৮/২০২৪ থেকে ২০/০৮/২০২৪ খ্রি. তারিখ (রবিবার থেকে মঙ্গলবার) পর্যন্ত। সময়- সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত। |
| ০২ | মনোনয়নপত্র বাছাই                    | ২২/০৮/২০২৪ খ্রি. তারিখ বৃহস্পতিবার ১২.০০ টার সময় (প্রতিষ্ঠানের অফিস কক্ষে)   |
| ০৩ | মনোনয়নপত্র প্রত্যাহার               | ২৫/০৮/২০২৪ খ্রি. তারিখ রবিবার (বিকাল ৪.০০ টা পর্যন্ত)।  |
| ০৪ | নির্বাচন অনুষ্ঠানের তারিখ            | ১৩/০৯/২০২৪ খ্রি. তারিখ শূক্রবার (সকাল ১০.০০ টা থেকে বিরতিহীনভাবে বিকাল ৪.০০ টা পর্যন্ত)।                              |
- নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়ঃ

- ০১। প্রিজাইডিং অফিসারের পক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান মনোনয়নপত্র ফরম বিতরণ ও পূরণকৃত ফরম গ্রহণ করবেন।
- ০২। নির্বাচনী প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের অবশ্যই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকের যৌথ স্বাক্ষরিত চূড়ান্ত ভোটার তালিকায় নাম থাকতে হবে।
- ০৩। মনোনয়নপত্র অবশ্যই প্রার্থী, প্রস্তাবক ও সমর্থকের স্বাক্ষরসহ নির্ভুলভাবে পূরণ করতে হবে। ১০ম শ্রেণির শিক্ষার্থীদের অভিভাবকগণ ভোটার হতে পারবেন কিন্তু প্রার্থী হতে পারবেন না।
- ০৪। প্রবিধান ১২-এ বর্ণিত (১) এইচএসসি বা সমমান পরীক্ষায় অনুষ্ঠীর্ণ কোন ব্যক্তি ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচিত হইতে পারিবেন না।  
(২) কোন শিক্ষক কর্মরত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচিত হইতে পারিবেন না তবে, সমপর্যায়ের বা নিম্নস্তরের অন্য কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচিত হইতে বাধা থাকিবে না।  
(৩) কোন ব্যক্তি একই বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটিতে একাধিক্রমে ২ (দুই) বারের অধিক ক্ষেত্রমত, সভাপতি, শিক্ষক প্রতিনিধি, অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হইতে পারিবেন না তবে এক মেয়াদ বিরতি অন্তে তিনি পুনরায় নির্বাচন করিতে পারিবেন।  
(৪) কোন ব্যক্তি ২ (দুই) টির অধিক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হইতে পারিবেন না এবং যে কোন ধরনের মোট ৪ (চার) টির অধিক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির সভাপতির দায়িত্ব পালন করিতে পারিবেন না।
- ০৫। নির্বাচন সংশ্লিষ্ট সকল ব্যক্তি/প্রার্থীকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি সংশ্লিষ্ট প্রবিধানমালা ২০২৪-এ বর্ণিত নিয়ম-কানুন, আচরন ও প্রচারণা সংশ্লিষ্ট বিধান ৩৮সহ যাবতীয় বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।
- ০৬। মনোনয়নপত্র বাছাইয়ের সময় প্রার্থী নিজে বা তাঁর কর্তৃক লিখিত ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থীর মনোনয়নপত্রে কোন রকম ত্রুটি পরিলক্ষিত হলে প্রার্থী স্বয়ং উপস্থিত থাকলে তাৎক্ষণিকভাবে বিধি মোতাবেক তা সংশোধনের জন্য বিবেচনা করা যেতে পারে। তবে সকল ক্ষেত্রেই প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৭। প্রয়োজনীয় প্রচার, মনোনয়নপত্র বিতরণ ও জমা গ্রহণ ইত্যাদি কার্য প্রিজাইডিং অফিসারের পক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়িত্ব পালন করবেন। তাছাড়া কোন প্রার্থী ইচ্ছা করলে নির্ধারিত তারিখের মধ্যে প্রিজাইডিং অফিসারের কার্যালয় থেকে মনোনয়নপত্র গ্রহণ এবং জমা দিতে পারবেন।
- ০৮। প্রজ্ঞাপন অনুযায়ী নির্বাচনী প্রার্থীর নামে কোন প্রতীক বরাদ্দ করা হবে না এবং নির্বাচন উপরে বর্ণিত নির্দিষ্ট তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিরতিহীনভাবে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত চলবে।
- ০৯। প্রবিধানমালা ২৩ এর (২) ধারা প্রতিষ্ঠান প্রধান যথাযথভাবে অনুসরণ করবেন।
- ১০। বিশেষ কারণে নির্বাচনের তারিখ পরিবর্তন করার এখতিয়ার নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ আব্দুল কাইয়ুম খান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

প্রিজাইডিং অফিসার

বন্দর গার্লস স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি'র নির্বাচন-২০২৪

বন্দর, নারায়ণগঞ্জ।

তারিখঃ ১২/০৮/২০২৪ খ্রি.

স্মারক নং- উমাশিঅ/বন্দর/না'গঞ্জ/ম্যা. কমিটি/গভর্নিং বডি-২৯/২০২৪/৬২৯(৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


০১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা।

০২। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।

০৪। অধ্যক্ষ, বন্দর গার্লস স্কুল এন্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ (তৌকে নির্বাচনী তফসিল বহল প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলে)।

০৫। অফিস কপি।

  
(মোঃ আব্দুল কাইয়ুম খান)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

প্রিজাইডিং অফিসার

বন্দর গার্লস স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি'র নির্বাচন-২০২৪

বন্দর, নারায়ণগঞ্জ।